

# ৬৮ শিক্ষার্থীকে মেধাবৃত্তি দিচ্ছে ইআবি

অনলাইন ডেক্স



ফাইল ছবি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সারা দেশের বিভিন্ন

ফাজিল ও কামিল মাদরাসার ৬৮ জন শিক্ষার্থীকে মেধা বৃত্তি

প্রদানের জন্য মনোনীত করা হয়েছে। ফাজিল (স্নাতক) পাস,

ফাজিল (স্নাতক) অনার্স, কামিল দুই বছর মেয়াদী এবং কামিল

এক বছর মেয়াদী মাস্টার্স কোর্স পরীক্ষা-২০২২-এর উত্তীর্ণ

শিক্ষার্থীদের মধ্য হতে ট্যালেন্টপুলে ১৬ জন ও বিষয়ভিত্তিক

সাধারণ বৃত্তির আওতায় ৫২ জনকে এ বৃত্তি প্রদানের সিদ্ধান্ত

নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

গত ২৬ জুন বিশ্ববিদ্যালয়ের কামিল (স্নাতকোত্তর) প্রশিক্ষণ ও

গবেষণা কেন্দ্রের ডিন প্রফেসর ড. মোহাম্মদ অলী উল্যাহ

স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে।

জারিকৃত প্রত্নাপনে উল্লেখ করা হয়েছে, শিক্ষার্থীরা নিজে অথবা  
প্রতিনিধির মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের কামিল (স্নাতকোত্তর) প্রশিক্ষণ  
ও গবেষণা কেন্দ্র থেকে বৃত্তির অর্থ সংগ্রহ করতে পারবেন।

এ ক্ষেত্রে মেধাবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ গ্রহণের জন্য সদ্য  
তোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবি, পরীক্ষার রেজিস্ট্রেশনের  
ফটোকপি (যে ফলাফলের জন্য বৃত্তি পেয়েছেন) ও জাতীয় পরিচয়  
পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

এতে আরো বলা হয়, সর্বোচ্চ নম্বর প্রাপ্তদের মধ্যে সম্মিলিত  
মেধার ভিত্তিতে ট্যালেন্টপুলে বৃত্তিপ্রাপ্তরা এককালীন ১৫ হাজার  
টাকা এবং সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা ১০ হাজার টাকা করে  
পাবেন।